

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৯৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - সিজদা ও তার মর্যাদা

بَابُ الْسُّجُوْدِ وَفَضْلِه

আরবী

وَعَنْ مَعْدَانَ بْنِ طَلْحَةَ قَالَ: لَقِيتُ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقلت: أَخْبِرْنِي بِعَمَلٍ أَعْمَلُهُ يُدْخِلُنِي اللَّهُ بِهِ الْجَنَّةَ فَسَكَتَ ثُمَّ سَأَلْتُهُ فَسَكَتَ ثُمَّ سَأَلْتُهُ التَّالِثَةَ التَّالِثَةَ فَسَكَتَ ثُمَّ سَأَلْتُهُ التَّالِثَةُ التَّالِثَةَ فَقَالَ: «عَلَيْكَ بِكَثْرَةِ السُّجُودِ لِلَّهِ فَقَالَ: «عَلَيْكَ بِكَثْرَةِ السُّجُودِ لِلَّهِ فَقَالَ: «عَلَيْكَ بِكَثْرَةِ السُّجُودِ لِلَّهِ فَقَالَ: هَلَيْكَ بِكَثْرَةِ السُّجُودِ لِلَهِ فَقَالَ: هَلَا مَعْدَانُ: فَقَالَ مَعْدَانُ: فَقَالَ مَعْدَانُ: فَقَالَ لِي مِثْلَ مَا قَالَ لِي قَوْبَانُ. رَوَاهُ مُسلم

বাংলা

৮৯৭-[১১] মা'দান ইবনু ত্বলহাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামএর মুক্তদাস সাওবান (রাঃ)-এর সাথে সাক্ষাৎ করে বললাম, আমাকে এমন একটি কাজের সন্ধান দিন যে কাজ
আমাকে জান্নাতে প্রবেশ করাবে। তিনি খামোশ থাকলেন। আমি আবার জিজ্ঞেস করলাম। তিনি খামোশ (নীরব)
রইলেন। তৃতীয়বার তাকে আবার একই প্রশ্ন করলাম। উত্তরে তিনি বললেন, আমি নিজেও এ বিষয়ে রসূল
সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করেছিলাম। তিনি আমাকে বলেছিলেন, আল্লাহকে বেশি বেশি সিজদা
(সিজদা/সেজদা) করতে থাকবে। কেননা আল্লাহকে তুমি যত বেশি সিজদা (সিজদা/সেজদা) করতে থাকবে,
আল্লাহ তোমার মর্যাদা বাড়াতে থাকবেন। তোমার অতটা গুনাহ উক্ত সিজদা (সিজদা/সেজদা) দিয়ে কমাতে
থাকবেন। মা'দান বলেন, এরপর আবুদ্ দারদার সাথে দেখা করে তাকেও আমি একই প্রশ্ন করি। তিনিও আমাকে
সাওবান (রাঃ)যা বলেছিলেন তাই বললেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৪৮, ইবনু মাজাহ্ ১৪২৩, তিরমিযী ৩৮৮, আহমাদ ২২৩৭৭।

ব্যাখ্যা



ব্যাখ্যা: হাদীসটি বেশী বেশী সাজদার জন্য উদ্বুদ্ধ করা হয়েছে আর সাজদার দ্বারা উদ্দেশ্য সালাতের কারণও ইতোপূর্বে আলোচনা হয়েছে যেমন আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীস বান্দা সবচেয়ে আল্লাহর অতি নিকটবর্তী হয় সাজদার সময় আর এটি কুরআনের আয়াতটিরই প্রতিনিধিত্ব হয়েছে।

"তুমি সিজদা (সিজদা/সেজদা) করো আল্লাহ অতি নিকটবর্তী হও।" (সূরাহ্ আল 'আলারু : ১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন